# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৯৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অন্ধকারে ফজরের সালাত আদায় করতেন মর্মে হাদীস

## ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُغَلِّسُ بِصَلَاةِ الصُّبْحِ

আরবী

1495 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ قَحْطَبَةَ بِفَمِ الصُّلْحِ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ شُجَاعٍ قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بِشْرٍ الْعَبْدِيُّ قَالَ: حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ:أُتِيَ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَزَيْدُ بْنُ ثَابِتٍ بِسَحُورٍ فَلَمَّا فَرَغَ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ سَحُورِه قَامَ إِلَى صَلَاةِ الصُّبْحِ قُلْنَا لِأَنَسِ بْنِ مَالِكٍ: كَمْ كَانَ بَيْنَ فَرَاغِهِ مِنْ سُحُورِهِ وَحِينَ دَخَلَ فِي صَلَاتِهِ؟ قَالَ: قَدْرُ مَا يَقْرَأُ الرَّجُلُ خَمْسِينَ آيَةً.
الراوي : أَنَس بْن مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1495 | خلاصة حكم المحدث : صحيح ـ ((صحيح سنن ابن ماجه)) (1694)

বাংলা

১৪৯৫. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও যাইদ বিন সাবিত রাদ্বিয়াল্লাহু আনহুকে সাহারী দেওয়া হয়। অতঃপর আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সাহারী খাওয়া শেষ করেন, তখন তিনি ফজরের সালাতের উদ্দেশ্যে দাঁড়িয়ে যান।” অধঃস্তন রাবী বলেন, “আমরা আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহুকে বললাম, “তাঁর সাহারী খাওয়া শেষ করা এবং সালাতে প্রবেশ করার মাঝে সময়ের ব্যবধান কত ছিল?” জবাবে তিনি বলেন, “একজন ব্যক্তি ৫০ আয়াত পাঠ করতে পারেন, এই পরিমাণ।”[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৫৭৬; নাসাঈ: ৪/১৪৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/১০; মুসনাদ আহমাদ: ৫/১৮২;

সহীহ মুসলিম: ১০৯৭; তিরমিযী: ৭০৩; ইবনু মাজাহ: ১৬৯৪; তাবারানী: ৪৭৯৩; সহীহ ইবনু খুযাইমাহ: ১৯৪১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ ইবনু মাজাহ: ১৬৯৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90810

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন